গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd

online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.৩৫৭

তারিখঃ ২৯ মাঘ ১৪৩০ বঃ / ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে শেষ পর্ব মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

১। অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ: ১৩/০২/২০২৪ তারিখ বিকাল ০৪ টা থেকে ২২/০২/২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত।

২। **প্রার্থীদের জন্য জ্ঞাতব্য** শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions থেকে প্রাথমিক আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র **$A_4$ (৮.৫ ইঞ্চি×১১ ইঞ্চি)** সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিতে হবে। উল্লেখ্য, ২০২০ সালে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তির শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন করতে পরবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপের মাধ্যমে তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে আবেদন করতে হবে। **আবেদন ফি ৪০০.০০** (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ৩০০.০০ + প্রসপেক্টাস ও ভর্তি নির্দেশিকা ৫০.০০ + অনলাইন ব্যাংকিং, আইসিটি ও ব্যবস্থাপনা ফি ৫০.০০) টাকা **১৫/০২/২০২৪ থেকে ২২/০২/২০২৪ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে নিচে উল্লিখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে।** অতপর প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রটি **১৮/০২/২০২৪ থেকে ২২/০২/২০২৪** তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে কলেজের জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করতে হবে।

৩। ভর্তি ফিস জমা:

ধাপ-১: প্রথমে রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Masters Final Application** বাটানে (সরাসরি প্রবেশের লিংক *http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Masters*) ক্লিক করে **Masters Admission Roll** নম্বর টাইপ করে Next করলে স্ক্রিনে একটি ফরম আসবে।

ধাপ-২: উক্ত ফরমে শিক্ষার্থী নিজের পছন্দমতো একটি Password দিবে এবং সকল তথ্য সঠিকভাবে পুরণ করবে, নিজের পাসপোর্ট সাইজ ছবি (৬০ কিলোবাইটের কম সাইজের) আপলোড করে Submit করবে। এখানে শিক্ষার্থী একটি Reference ID পাবে (পরবর্তী তথ্য যাচাই অথবা Pay Slip ও Admission Form ডাউনলোড এর জন্য Reference ID ও Password সংরক্ষন করে রাখতে হবে)।

**(বিঃ দ্রঃ- Submit বাটন ক্লিক করার পর যদি প্রদত্ব তথ্যে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হয় তবে ফিস পরিশোধের পূর্বেই পুনরায় আবেদন করতে হবে।)**

ধাপ-৩: শিক্ষার্থী তার সকল তথ্য যাচাই করে এবং Rocket এর নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থী ৪০০.০০ টাকা প্রদান করবে । (বিলার আইডি ৩০৪ এবং বিলার নম্বর হিসাবে Masters Admission Roll ব্যবহার করতে হবে।)

ধাপ-৪: টাকা পরিশোধ সম্পূর্ণভাবে সফল হলে পেজটি (*http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Masters*) রিফ্রেশ করে অথবা ধাপ-১ অনুসরণ করে Admission Confirmation Slip এবং Admission Form ডাউনলোড করতে হবে। Pay slip এবং Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি প্রিন্ট করে রাখতে হবে।

### DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** টি দিন। |
| ছ) নির্ধারিত টাকার টা, ৪০০.০০ পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার টা, ৪০০.০০ পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট apps এর মাধমেও আবেদন ফি পরিশোধ করা যায়।**

৪। **অনলাইন আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:**

(ক) রাজশাহী কলেজে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমাদানের ডাউনলোডকৃত Admission Confirmation Slip এবং Admission Form|

(খ) প্রিন্টকৃত প্রাথমিক আবেদনপত্র ।

(গ) স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

৫। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা

| ক্রঃ নং | ভর্তিচ্ছু কোর্স ও বিষয় | কোর্সের মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | **এম.এ.**<br>বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, দর্শন, আরবী ও সংস্কৃত। | ১ বছর | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭ ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। **তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।**<br>অথবা<br>জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭ ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।<br>**উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে**<br>জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। Anthropology বিষয়ের শিক্ষার্থীরা Sociology বিষয়ে এবং Environmental Science বিষয়ের শিক্ষার্থীরা Geography and Environment বিষয়ে আবেদন করতে পারবে। |
| ২ | **এম.এস.এস.**<br>অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান। | | |
| ৩ | **এম.বি.এ**<br>ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং এবং ফিনান্স ও ব্যাংকিং। | | |
| ৪ | **এম.এস-সি.**<br>গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূগোল ও পরিবেশ, পরিসংখ্যান এবং মনোবিজ্ঞান। | | |

৬। অনলাইন প্রাথমিক আবেদনপত্রের প্রিন্টকৃত কপি ও ফি জমা দেয়ার তারিখ, সময় ও স্থান

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১৮/০২/২০২৪ থেকে ২২/০২/২০২৪ (সরকারি ছুটির দিন ব্যতীত) | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | লাইব্রেরীর উত্তর বারান্দা |

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.৩৫৭(২৭)

তারিখঃ ২৯ মাঘ ১৪৩০ বঃ
১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**

(ক) উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
(খ) বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
(গ) আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি ২০২১-২০২২ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
(ঘ) ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী।
(ঙ) আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।
(চ) পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
(ছ) ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
(জ) নথি সংরক্ষণ।

১২/০২/২০২৪
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।
১২/০২/২০২৪